

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**খাদ্য অধিদপ্তর**  
**চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা**  
**খাদ্য ভবন, ১৬ আবুল গণি রোড, ঢাকা-১০০০**  
**www.dgfood.gov.bd**

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.২৮০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ৬৯০ মে.টন আমদানিকৃত গম চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান**  
 সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ২৫-০২-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২৩-৬১৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বান্দরবান, চাঁদপুর ও ফেনী জেলার এলএসডিসমূহে ফেব্রুয়ারি'২৪ ও পরবর্তী মাসে ইপি-ওপি, ময়দাকল, কাবিখা ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম সাইলো হতে মোট ৬৯০ মে.টন গম ডিআরটিসি/আইআরটিসি চলাচল সূচি জারির নিমিত্ত এলএসডি/সিএসডিভিত্তিক তথ্যসহ গমের অনুমোদন/সূচি জারির জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে বান্দরবান, চাঁদপুর ও ফেনী জেলার এলএসডিসমূহে ফেব্রুয়ারি'২৪ ও পরবর্তী মাসে ইপি-ওপি, ময়দাকল, কাবিখা ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম সাইলো হতে মোট ৬৯০ মে.টন গম ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলো।

#### **সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমদানিকৃত গমের চলাচল সূচির অনুমোদন**


ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	বান্দরবান	বান্দরবান এলএসডি	৫০০	আমদানিকৃত গম	সড়ক পথ	
২.	ঝ	ঝ	চাঁদপুর	কচুয়া এলএসডি	১১০	ঝ	ঝ	
৩.	ঝ	ঝ	ফেনী	ফুলগাজী এলএসডি	৫০	ঝ	ঝ	
৪.	ঝ	ঝ	ঝ	পরশুরাম এলএসডি	৩০	ঝ	ঝ	
				মোট =	৬৯০			

#### **নির্দেশনাসমূহ:**

- (১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;
- (২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে ঘথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৯-২-২০২৪

মোঃ নাজমুল হক ভুঁইয়া  
উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৮  
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭  
ইমেইল: dg@dgfood.gov.bd


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.২৮০/১(৫)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০  
২৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৯-২-২০২৪

মোঃ নাজমুল হক ভুঁইয়া  
উপপরিচালক